ভোরের কাগজ

২৩৫

তারিখ ... OCT. 1 3 1999
পৃষ্ঠা ... কলাম ...

# সকল বিশ্ববিদ্যালয়ে আজ ছাত্র ধর্মঘট আহ্বান

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : দেশের সবগুলো বিশ্ববিদ্যালয়ে বাম ছাত্র সংগঠনগুলো আজ বুধবার এবং সব শিক্ষা প্রতিষ্ঠানে আগামীকাল ছাত্রদল ধর্মঘট ডেকেছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বর্ধিত ভর্তি ফি প্রত্যাহার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬০ সন্ত্রাসীর তালিকা প্রকাশের দাবিতে গণতান্ত্রিক ছাত্রঐক্য, পাহাড়ি ছাত্র পরিষদ এবং পাঁচটি ছাত্র সংগঠন আজ এবং ছাত্রদল তাদের গ্রেপ্তারকৃত নেতাকর্মীদের মুক্তির দাবিতে আগামীকাল এ ধর্মঘট ডাকে।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫

## সকল বিশ্ববিদ্যালয়ে আজ

● প্রথম পাতার পর

কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্রঐক্য আজকের ধর্মঘট সফল করতে গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু ভবনের সামনে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রফ্রন্টের সভাপতি নূরুল ইসলামী ছাত্র ইউনিয়নের সভাপতি মঞ্জুরে খোদা টরিক এবং ছাত্রমৈত্রী সভাপতি জিয়াউল হক জিয়া সমাবেশে বক্তব্য দেন।

শিক্ষা সংকোচন এবং শিক্ষাঙ্গনে পরিকল্পিত সন্ত্রাসের প্রতিবাদে পাঁচটি ছাত্র সংগঠন আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট ডেকেছে। ধর্মঘট সফল করতে গতকাল তারা ডাকসু ভবনের সামনে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র ফেডারেশনের জোনায়েদ সাকি, জাতীয় ছাত্রদলের প্রকাশ দত্ত, ছাত্রঐক্য ফোরামের শহিদুল ইসলাম সবুজ, ছাত্র সংঘের রায়হান জামিল, বিপ্লবী ছাত্রমৈত্রীর মিন্টু প্রমুখ। পাহাড়ি ছাত্র পরিষদ একই দাবিতে আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট ডেকেছে।

এদিকে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ এবং আগামীকাল অনুষ্ঠেয় সকল পরীক্ষা যেকোনো মূল্যে গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। গত সোমবার সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত হয়।

জাতীয়তাবাদী ছাত্রদল ধর্মঘট সফল করতে গতকাল বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের মূল ফটকে সমাবেশ করে। মনির হোসেনের সভাপতিত্বে সমাবেশে মঞ্জুরে এলাহী, এ বি এম মোশারফ হোসেন, মোস্তাফিজুল ইসলাম মামুন প্রমুখ বক্তব্য রাখেন।